

আজ ০৩ (তিন) অক্টোবর, ২০১১, রোজ সোমবার জাতিসংঘ ঘোষিত বিশ্ব বসতি দিবস বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও সরকারী ও বেসরকারিভাবে বিভিন্ন কর্মসূচির আয়োজন ও পালন করা হয়েছে / দিবসটি পালনের জন্য এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "নগরায়ন ও জলবায়ুপরিবর্তন" বা **Cities and Climate Change** ; নদীমাতৃক এদেশের উপকূলীয় এলাকায় কৃষি জমিতে লবনাক্ততা বৃদ্ধির ফলে কৃষিউৎপাদন ব্যহত হওয়া ও কমে যাওয়া, দেশের উত্তর অঞ্চলে ক্রমাগত মরুকরণ ও নদীভাঙ্গন-এর ফলে সূত ভুমিহীনতার কারণে এবং গ্রামাঞ্চলে পর্যাপ্ত কাজ না থাকার কারণে কাজের সন্ধানে লাখো মানুষ প্রতিবছর শহরমুখী হয় বেচেখাকার আশায় ; শহরে এসে সে বা তারা বসিতে বা ফুটপাথে বসবাস শুরু করে , আর এভাবেই প্রতিদিন, প্রতিনিয়ত বেড়েই চলেছে ঘরহীন নগরদরিদ্র ও বস্তিবাসী মানুষের সংখ্যা / বর্তমানে বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা ২৫ ভাগ মানুষ শহরে বা নগরে বাস করছে; আর ঢাকায় বাস করছে প্রায় এককোটি বিশলাখ মানুষ, যার শতকরা ৩৫ ভাগ-ই হলো নগর দরিদ্র ও বস্তিবাসী মানুষ, এর অর্থ হলো, ঢাকায় এই মুহুর্তে ঘরহীন নগরদরিদ্র ও বস্তিবাসী মানুষের সংখ্যা প্রায় চল্লিশ লাখ! যাদের বসবাসের কোনো নির্দিষ্ট জায়গা নেই, সামাজিক নিরাপত্তা নেই, নেই কোনো প্রকার নাগরিক সুযোগ- সুবিধাও/ আজকের এই দিবসটি পালনের মধ্যদিয়ে আমরা এই গ্রামহতে শহরে মাইগ্রেশন বা স্থানান্তর জনিত সমস্যার একটি ছবি আমাদের নীতিনির্ধারকবৃন্দের কাছে তুলে ধরতে চাইছি মাত্র/ এই দিবসটি পালনের লক্ষে ওয়ার্ল্ড এলায়েন্স অব ইনহেবিট্যান্টস-ডার্লএআই বাংলাদেশ কমিটির পক্ষ থেকে নিম্নোক্ত কর্মসূচিগুলো গ্রহণ ও বাস্তবায়ন করা হয়:

তারিখ, স্থান ও সময়

তারিখ: ০৩ (তিন) অক্টোবর, ২০১১, রোজ সোমবার , সময়: সকাল- ০৯:৪৫ মিনিট থেকে ১১:০০টা স্থান: বাংলাদেশ জাতীয় সংসদ ভবনের সামনের রাস্তা, মানিক মিয়া এভিনিউ, ঢাকা, বাংলাদেশ/

বাস্তবায়িত কর্মসূচিসমূহ:

- ঘরহীননগর দরিদ্র ও বস্তিবাসী মানুষের জন্য যথাযথ এবং নিরাপদ গৃহায়নের দাবিতে বিভিন্ন দাবিদাওয়াসহ বেনার ফেস্টুনে নিয়ে পাচ শতাধিক মানুষের বর্ণময় মানব বন্ধন (ছবি যুক্ত করা হলো).



মানব বন্ধন



মানব বন্ধন



বেনি

- ঘরহীন নগরদরিদ্র ও বস্তিবাসী মানুষের জন্য যথাযথ এবং নিরাপদ গৃহায়ন নিশ্চিত করার লক্ষে একটি যুগোপযোগী জাতীয় গৃহায়ন নীতিমালা তৈরী ও সেটি জাতীয় সংসদে উত্থাপন, আলোচনা ও পাসের দাবিতে মাননীয় স্পিকার মহোদয়ের নিকট ওয়ার্ল্ড এলায়েন্স অব ইনহেবিট্যান্টস-ডার্কএআই বাংলাদেশ কমিটির পক্ষ থেকে এর সমন্বয়কারী জনাব আবু রায়হান আল-বিরুনি একটি স্মারকলিপি প্রদান করেছেন, যা মাননীয় স্পিকার মহোদয়ের পক্ষে তার পিএস জনাব সম্পদ বড়ুয়া গ্রহণ করেন (ছবি যুক্ত করা হলো):



স্মারকলিপি প্রদান প্রদান

আজকের এইসব কর্মসূচিতে ঘরহীন নগরদরিদ্র ও বস্তিবাসীসহ সমাজের বিভিন্ন পেশা ও শ্রেণীর নারী-পুরুষ, শিশু-কিশোর, উন্নয়ন ও মানবাধিকার কর্মী, চিকিৎসক, কবি সাহিত্যিক ও সংবাদপত্রসেবিসহ আরো নানা শ্রেণী ও পেশার মানুষ অংশ গ্রহণ করেন /

ধন্যবাদান্তে

আবু রায়হান আলবিরুনি, সমন্বয়ক, ওয়ার্ল্ড এলায়েন্স অব ইনহেবিট্যান্টস-ডার্কবিআই বাংলাদেশ কমিটি